সঠিকভাবে কাজ না করায় র্যাবের ওপর নিষেধাজ্ঞা: মার্কিন দূতাবাস

চেম্বার ডেস্ক:: স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের সঙ্গে আজ মঙ্গলবার বৈঠক করেছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস। বৈঠকে র্যাবের ওপর মার্কিন নিষেধাজ্ঞার বিষয়ে আলোচনা হয়েছে।

বৈঠক শেষে সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘র্যাব বিষয়ে তারা বলেছে যেভাবে র্যাবের কাজ করা উচিত ছিল সেভাবে তাঁরা কাজ করেনি বলেই র্যাবের ওপর নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।’

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, বাংলাদেশ থেকে মানব পাচার বন্ধে বাংলাদেশের সঙ্গে কাজ করতে ইচ্ছুক বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস।

মন্ত্রী বলেন, তিনি রাষ্ট্রদূতকে জানিয়েছেন র্যাবের কেউ বেআইনি কোনো কাজ করলে তাঁদের আইনের আওতায় নিয়ে আসা হয়। র্যাব ও পুলিশ সদস্যের মধ্যে যারা গাফিলতি করেছেন, তাঁদের অনেকে কারাগারে আছেন। যেমন-নারায়ণগঞ্জে সাত খুনের ঘটনায় পুলিশ কর্মকর্তার সর্বোচ্চ সাজা হয়েছে।

এ ছাড়া বাংলাদেশে নিরাপত্তা খাতে যুক্তরাষ্ট্র সহযোগিতার আগ্রহের কথা জানিয়েছে উল্লেখ করে মন্ত্রী বলেন, উপকূলীয় এলাকায় কোস্টগার্ডকে আগে তারা সহযোগিতা করেছে। এ ছাড়া সীমান্তে কিছু দুর্গম এলাকা বিজিবির নজরদারি ও নিয়ন্ত্রণ কীভাবে বাড়ানো যায়, সে বিষয়ে কিছু সহযোগিতা চাওয়া হয়েছে। নিরাপত্তা সহযোগিতার বিষয়ে আগে যুক্তরাষ্ট্র কিছু লিখিত প্রস্তাব দিয়েছিল সেগুলো নিয়ে খুব শিগগির সমঝোতা স্মারক সই করার বিষয়টিও সরকার বিবেচনা করছে।

মিয়ানমারের নাগরিক রোহিঙ্গাদের রাখাইনে ফেরাতে যুক্তরাষ্ট্রের সক্রিয় ও জোরালো সহযোগিতা প্রয়োজন বলে মন্ত্রী রাষ্ট্রদূতকে জানিয়েছেন। মন্ত্রীর সঙ্গে রাষ্ট্রদূতের সাক্ষাতের বিষয়ে যুক্তরাষ্ট্র দূতাবাসের ফেসবুক পেজে বলা হয়েছে, তাঁদের মধ্যে

নিরাপত্তা এবং আগামী জাতীয় সংসদ নির্বাচন নিয়ে আলোচনা হয়েছে।

যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার মধ্যে চলতি আগস্টের শেষ দিকে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান এবং পুলিশ মহাপরিদর্শক বেনজীর আহমেদের নিউইয়র্কে জাতিসংঘের কর্মসূচিতে যোগ দেওয়ার আলোচনার মধ্যে স্বরাষ্ট্রমন্ত্রী ও রাষ্ট্রদূতের এই বৈঠকটি অনুষ্ঠিত হলো।

উল্লেখ্য, যুক্তরাষ্ট্র সরকার গত বছরের ১০ ডিসেম্বর মানবাধিকারের মারাত্মক লঙ্ঘনের অভিযোগে র্যাবের সাবেক মহাপরিচালক বর্তমানে পুলিশ মহাপরিদর্শক বেনজীর আহমেদ ও বর্তমান র্যাব মহাপরিচালক চৌধুরী আবদুল্লাহ আল মামুনসহ ছয় কর্মকর্তার বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করে।

জাতিসংঘের পুলিশ প্রধান সম্মেলনে অংশ নিতে চলতি মাসের শেষ সপ্তাহে স্বরাষ্ট্রমন্ত্রীর নেতৃত্বে একটি প্রতিনিধিদল যুক্তরাষ্ট্রে যাবে বলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এক আদেশে জানিয়েছে। পুলিশ মহাপরিদর্শক বেনজীর আহমেদসহ ছয় কর্মকর্তা এই প্রতিনিধি দলের সদস্য। ৩১ আগস্ট থেকে ১ সেপ্টেম্বর নিউইয়র্কে এই সম্মেলন অনুষ্ঠিত হবে।